১৩ ফেব্রুয়ারি, ২০২৫ থেকে শুরু হচ্ছে আবাসন খাতের অন্যতম বড় আয়োজন রিহ্যাব চট্টগ্রাম ফেয়ার ২০২৫

রেডিসন ব্লু চট্টগ্রাম বে ভিউ তে অনুষ্ঠিতব্য এ ফেয়ার চলবে ১৬ ফেব্রুয়ারি পর্যন্ত। এবারের ফেয়ারে মোট স্টল থাকছে ৬৫টি। প্রতিষ্ঠানের সংখ্যা ৪২ টি। এই ফেয়ারে আমরা ২টি গোল্ড স্পন্সর, ১৪টি কো-স্পন্সর সহ আরও ১৬ টি রিয়েল এস্টেট কোম্পানি এবং ৫ টি বিল্ডিং ম্যাটেরিয়ালস ও ৫ অর্থলগ্নীকারী প্রতিষ্ঠান অংশগ্রহণ করছে।

রিহ্যাব চট্টগ্রাম ফেয়ার উপলক্ষে মঙ্গলবার দুপুরে রিহ্যাব চট্টগ্রাম অফিসে আয়োজিত সংবাদ সম্মেলনে এ সব তথ্য তুলে ধরেন রিহ্যাব এর ভাইস প্রেসিডেন্ট ও চট্টগ্রাম রিজিওনাল কমিটির চেয়ারম্যান হাজী দেলোয়ার হোসেন। পরে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন রিহ্যাব এর চট্টগ্রামের রিহ্যাব নেতৃবৃন্দ। এ সময় রিহ্যাব পরিচালক ও রিহ্যাব চট্টগ্রাম রিজিওনাল কমিটি কো- চেয়ারম্যান ১ মোহাম্মদ মোরশেদুল হাসান, রিহ্যাব চট্টগ্রাম রিজিওনাল কমিটি সদস্য সৈয়দ ইরফানুল আলম, মিসেস সারিস্থ বিনতে নূর, নূর উদ্দিন আহাম্মদ, মোহাম্মদ মাঈনুল হাসান, ফেয়ার অর্গানাইজিং কমিটি সদস্য রেজাউল করিম, মোহাম্মদ জাফর, হৃষিকেশ চৌধুরী- এ এস এম আবদুল গাফফার মিয়াজী, ও নূর মোহাম্মদ উপস্থিত ছিলেন।

রিহ্যাব এর ভাইস প্রেসিডেন্ট হাজী দেলোয়ার হোসেন বলেন, বৈষম্যমূলক ড্যাপের কারণে দেশে আবাসন খাতে বিনিয়োগ স্থবিরতা চলছে। এর ফলে বাড়ছে না কর্মসংস্থান। অসংখ্য লোকজন বর্তমানে বেকার। নতুন প্রকল্প গ্রহণ করতে সমস্যা হওয়াতে তলানিতে এসে ঠেকেছে ফ্ল্যাট তৈরি। এই মুহূর্তে আবাসন খাতের কয়েকটা সমস্যার মধ্যে সবচেয়ে বড় সমস্যা নতুন বৈষম্যমূলক ড্যাপ।

তিনি বলেন, বাংলাদেশ আজ অবকাঠামোগত দিক দিয়ে অনেকদূর এগিয়ে গেছে। একটা ফ্ল্যাট শুধু মাথা গোঁজার ঠাঁই তৈরি করে না, একটা

সামাজিক অবস্থানও তৈরি করে। সেই সাথে নিশ্চিত করে ভবিষ্যৎ প্রজন্মের বিনিয়োগ। সরকারের রাজস্ব আয়, কর্মসংস্থান, রড, সিমেন্ট, টাইলসসহ ২০০ এর অধিক লিংকেজ শিল্প প্রসারের মাধ্যমে সমগ্র নির্মাণ খাত জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধিতে অত্যন্ত গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে সমগ্র নির্মাণ খাতের অবদান প্রায় ১৫%। সংবাদ সম্মেলনে রিহ্যাব এর পক্ষ থেকে দ্রুত ড্যাপ (২০২২-২০৩৫) সংশোধন করে ২০০৮ এর বিধিমালা কার্যকর করার দাবি জানানো হয়।

রিহ্যাব এর ভাইস প্রেসিডেন্ট হাজী দেলোয়ার হোসেন বলেন, প্রতি উপজেলায় গুচ্ছ আকারে ২৫/৩০ টি, ২৫/৩০ তলা বিশিষ্ট বহুতল ভবন নির্মাণ করার জন্য সরকারের পক্ষ থেকে রিহ্যাব সদস্যদের সহযোগীতা করলে গ্রামে বসবাস করেও আধুনিক শহরের সকল সুযোগ সুবিধা ভোগ করতে পারবেন। এতে করে আমাদের এই বিশাল জনসংখ্যার ছোট দেশে কৃষি জমিরও সাশ্রয় হবে।

চট্টগ্রাম রিজিওনাল কমিটির চেয়ারম্যান সংবাদ সম্মেলনে ‘রিহ্যাব চট্টগ্রামে ফেয়ার ২০২৫’এর বিস্তারিত তুলে ধরেন। তিনি বলেন, “আমাদের সদস্য এবং ক্রেতাদের মধ্যে সেতুবন্ধন তৈরি করতে এই ফেয়ার গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এক সাথে অনেকগুলো প্রতিষ্ঠান যাচাই-বাছাই করার সুযোগ রিহ্যাব ফেয়ার ছাড়া সম্ভব নয়। জীবন সংগ্রামের ব্যস্ততায় আমাদের সবার হাতেই এখন সময় কম। তাই কম সময়ে এক ছাদের নিচে সব সেবা পাবেন ক্রেতারা। শুধু ফ্ল্যাট-প্লট ই নয়, এক সাথে গৃহঋণ এবং বাড়ি তৈরির নানা উপকরণও যাচাই করতে পারবেন ক্রেতারা। রিহ্যাব ফেয়ার সাধ ও সাধ্যের মধ্যে মনের মত ফ্ল্যাট বা প্লট খুঁজে নিতে ক্রেতাদের সাহায্য করবে। ”
রিহ্যাব চট্টগ্রাম ফেয়ার ২০২৫ এ গোল্ড স্পন্সর হিসেবে রয়েছে পূর্বাচল প্রবাসী পল্লী লিঃ ও উইকন প্রপার্টিজ লিঃ। এছাড়া কো- স্পন্সর হিসাবে অংশগ্রহণ করছে নিম্নোক্ত ১৪ টি প্রতিষ্ঠান ।

কো-স্পন্সর প্রতিষ্ঠান সমূহ এরিয়েল প্রপার্টিজ লিঃ
,আশিয়ান ল্যান্ডস ডেভেলপমেন্ট লিঃ,
সিটি হোম প্রপার্টিজ লিঃ
,সি এ প্রপার্টি ডেভেলপমেন্ট লিঃ (সিপিডিএল)
,কনকর্ড রিয়েল এস্টেট লিঃ
,এপিক প্রপার্টিজ লিঃ
,ইক্যুইটি প্রপার্টি ম্যানেজমেন্ট লিঃ ,ফিনলে প্রপাটির্জ লিঃ

, জুমাইরাহ হোল্ডিং লিঃ
, মুনতাসির লিভিং লিঃ
,র্যানকন এফসি প্রপার্টিজ লিঃ
,স্যানমার প্রপার্টিজ লিঃ
,সিকিউর প্রপার্টি ম্যানেজমেন্ট লিঃ
ওশাইন ম্যাট্রিক্স বিল্ডার্স লিঃ (এসএমবিএল)

এন্ট্রি টিকেট এবং টিকেট কাউন্টার এবং উদ্বোধনী অধিবেশনের স্পন্সর হয়েছে এ্যারিয়েল প্রপার্টিজ লিঃ, মিডিয়া সেন্টার এবং প্রেস কনফারেন্স এর স্পন্সর হয়েছে এ্যামিটি এ্যাপার্টমেন্ট এবং ডেভেলপারস লিঃ, র্যাফেল ড্র স্পন্সর করেছে পার্ল হোমস লিঃ, ইনফরমেশন বুথ ও এন্ট্রি গেইট স্পন্সর হয়েছে শাইন ম্যাট্রিক্স বিল্ডার্স লিঃ। এছাড়া এপিক হেলথ কেয়ার এর একটি বুথ থাকবে মেলা প্রাঙ্গনে।

রিহ্যাব চট্টগ্রাম ফেয়ার ২০২৫ এর উদ্বোধনী অধিবেশন-এ প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন চট্টগ্রাম সিটি করপোরেশনের সম্মানিত মেয়র মহোদয় ডাঃ শাহাদত হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের সম্মানিত চেয়ারম্যান ইঞ্জিনিয়ার নুরুল করিম এবং চট্টগ্রাম মেট্রোপলিটন এর সম্মানিত পুলিশ কমিশনার জনাব হাসিব আজিজ। আগামী ১৩ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখ বৃহস্পতিবার সকাল ১১.৩০ মিনিটে রেডিসন ব্লু এর মোহনা হল এ ফেয়ারের উদ্বোধনী অধিবেশন অনুষ্ঠিত হবে। প্রথম দিন ক্রেতা-দর্শনার্থীরা উদ্বোধনীর পর বেলা ২ টা থেকে মেলায় প্রবেশ করতে পারবেন। বাকি দিনগুলোতে সকাল ১০টা থেকে রাত ৯ টা পর্যন্ত ক্রেতা দর্শনার্থীরা মেলায় প্রবেশ করতে পারবেন।

বিগত সময়ের ধারাবাহিকতায় এ বছরের মেলাতেও দুই ধরনের টিকেট থাকছে। একটি সিঙ্গেল এন্ট্রি অপরটি মাল্টিপল এন্ট্রি। সিঙ্গেল এন্ট্রি টিকেটের প্রবেশ মূল্য ৫০ টাকা। আর মাল্টিপল এন্ট্রি টিকেটের প্রবেশ মূল্য ১০০ টাকা। মাল্টিপল টিকিট দিয়ে দর্শীনার্থী মেলার সময় দর্শনার্থীরা ৪ বার প্রবেশ করতে পারবেন। আগত দর্শকদের জন্য লটারির মাধ্যমে প্রতিদিন থাকছে আকর্ষণীয় পুরস্কার